

শিক্ষক

(দিলীপদাকে যেমন দেখেছি)

প্রবীর আচার্য্য

সময় স্বপ্নগুলো ছুঁয়ে ছুঁয়ে চলে যায়
ভরাট বসন্তের দিকে !
হিম শেষের আশ্চর্য্য এক সন্ধ্যায়
কে যেন এসে দাঁড়ায় ক্লান্ত পায়ে,
সমস্ত ব্যস্ততা দু'হাতে সরিয়ে শ্রমিক গৃহিনী
ভাত বেড়ে আনেন, তৃষ্ণার জল --
তারপর পরিতৃপ্ত ও শান্ত হ'য়ে
গুনগুন গেয়ে ওঠেন দু'কলি গান
যে গান বহমান জীবন থেকে
সংগ্রামের প্রতিটা শীর্ষ-বিন্দু ছুঁয়ে ছেনে
তুলে নিয়ে আসা ।

* * * * *

তিনি একজন শিক্ষক
তাঁর গভীর উচ্চারণের ভিতর
ঘৃণা আর ভালবাসার নিজস্ব বিস্তার
বহন করে শেষ যুদ্ধের ইঙ্গিত,
তিনি একজন শিক্ষক
শহরকে গ্রাম দিয়ে ঘেরার
স্বপ্ন দেখতেন আজীবন ।

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি, কৃষ্ণনগর-এর তরফে, শঙ্কর সান্যাল ও তাপস চক্রবর্তী সংকলিত ও সম্পাদিত
“এক অসাধারণ সাধারণ মানুষ, দিলীপ বাগচী জীবন ও সৃষ্টি” নামক দিলীপ বাগচী স্মারক গ্রন্থ (২০১৩) থেকে নেওয়া।